আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু ।

বিছমিল্লাহির রাহমানের রাহীম ।

আজকের আলোচনার বিষয়বস্তু وَيۡلٌ দুর্ভোগ, ধ্বংস ।

وَيۡلٌ অর্থ দুর্ভোগ, ধ্বংস । এই শব্দটি প্রবিত্র কোরআন মাজীদে ৩৮ বার ব্যবরীত হয়েছে । এর মধ্যে ১২ বারই وَيۡلٌ يَوۡمَئِذٍ لِّلۡمُكَذِّبِينَ আয়াতটিতে উলেল্লখিত হয়েছে ।

اَوۡلٰى অর্থ দুর্ভোগ, হায় আফসোস । এই শব্দটি প্রবিত্র কোরআন মাজীদে ২ বার ব্যবরীত হয়েছে ।

নিচে লিখিত লোকদের জন্য দুর্ভোগ এবং ধ্বংস ঃ

১ । যারা মিথ্যা কিতাব লিখে বলে এটা আলাহ্র কিতাব ।

২ । কাফিরদের জন্যে ।

৩ । জালিমদের জন্যে ।

৪ । মুশরিকদের জন্যে ।

৫ । সীমালংঘনকারীদের জন্য ।

৬ । যারা ওজনে বা মাপে কম দেয় তাদের জন্যে ।

৭ । যারা বিচারের দিন অস্বীকার করে ।

৮ । যারা আমলনামা অস্বীকার করে ।

৯ । যারা আলাহ্র নামে মিথ্যা রচনা করে ।

১০ । পৃথিবীকে খেলাচ্ছলে সৃষ্টিকরা হয়েছে এই ধরনের মিথ্যা রচনাকারীদেও জন্যে ।

১১ । বেঈমানদের জন্যে ।

১২ । সেই সব কঠোর হৃদয় লোকদের জন্যে যারা আলাহ্র স্মরণ থেকে বিমুখ ।

১৩। কট্টর মিথ্যাবাদী পাপিষ্ঠের জন্যে।

১৪। যারা মানুষের (সামনে) বিদ্রূপ করে এবং (পেছনে) নিন্দা করে।

১৫। ঐ মুসল্লিদের জন্যে যারা গাফেলতি করে সালাতে।

১৬। পাপিষ্ঠরা বিচারের দিন নিজের দুহাত কামড়াতে কামড়াতে বলবে- হায়! আমার ধ্বংস, আমি যদি রাসুলের পথ অনুসরণ করতাম। আমি যদি আল্লাহ্ ও রাসুলের অবাধ্যকারীকে বন্ধু না বানাতাম।

فَوَيْلٌ لِّلَّذِينَ يَكْتُبُونَ اَلْكِتَابَ بِأَيْدِيهِمْ ثُمَّ يَقُولُونَ هَـٰذَا مِنْ عِنْدِ اَللهِ لِيَشْتَرُواْ بِهِ ثَمَناً قَلِيلاً فَوَيْلٌ لَّهُمْ مِّمَّا كَتَبَتْ أَيْدِيهِمْ وَوَيْلٌ لَّهُمْ مِّمَّا يَكْسِبُونَ ﴿٧٩﴾

সুতরাং দুর্ভোগ তাহাদের জন্য যাহারা নিজ হাতে কিতাব রচনা করে এবং তুচ্ছ মূল্য প্রাপ্তির জন্য বলে, 'ইহা আল্লাহ্‌র নিকট হইতে।' তাহাদের হাত যাহা রচনা করিয়াছে তাহার জন্য শাস্তি তাহাদের এবং যাহা তাহারা উপার্জন করে তাহার জন্য শাস্তি তাহাদের। আল বাকারাহ ২ঃ ৭৯

فَبَعَثَ اَللهُ غُرَاباً يَبْحَثُ فِى اَلأَرْضِ لِيُرِيَهُ كَيْفَ يُوَارِى سَوْءَةَ أَخِيهِ قَالَ يَاوَيْلَتَا أَعَجَزْتُ أَنْ أَكُونَ مِثْلَ هَـٰذَا اَلْغُرَابِ فَأُوَارِىَ سَوْءَةَ أَخِى فَأَصْبَحَ مِنَ اَلنَّادِمِينَ ﴿٣١﴾

**আদম পুত্র কাবিলের উক্তি, হাবিলকে হত্যা করার পর-**

অতঃপর আল্লাহ্ একটি কাক পাঠাইলেন, যে তাহার ভ্রাতার শবদেহ কিভাবে গোপন করা যায় তাহা দেখাইবার জন্য মাটি খনন করিতে লাগিল। সে বলিল, 'হায়! আমি কি এই কাকের মতও হইতে পারিলাম না, যাহাতে আমার ভ্রাতার শবদেহ গোপন করিতে পারি!' অতঃপর সে অনুতপ্ত হইল। আল মায়দাহ ৫ঃ ৩১

قَالَتْ يَٰوَيْلَتَا أَأَلِدُ وَأَنَاْ عَجُوزٌ وَهَٰذَا بَعْلِى شَيْخاً إِنَّ هَٰذَا لَشَيْءٌ عَجِيبٌ ﴿٧٢﴾

**ইব্রাহীমের স্ত্রীর উক্তি যখন ফিরিশতারা আল-াহ্‌র পক্ষ থেকে সুসংবাদ দেয়েছিল পুত্রের, এবং পরে পুত্র জন্মগ্রহন করেছিলো-**

সে বলিল, ‘কী আশ্চর্য! সন্তানের জননী হইব আমি, যখন আমি বৃদ্ধা এবং এই আমার স্বামী বৃদ্ধ! ইহা অবশ্যই এক অদ্ভুত ব্যাপার!' হুদ ১১ঃ ৭২

اَللهِ اَلَّذِى لَهُ مَا فِى اَلسَّمَاوَاتِ وَمَا فِى اَلأَرْضِ وَوَيْلٌ لِّلْكَافِرِينَ مِنْ عَذَابٍ شَدِيدٍ ﴿٢﴾

আলাহ্- আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে তাহা তাঁহারই। কঠিন শাস্তির দুর্ভোগ কাফিরদের জন্য, ইব্রাহীম ১৪ঃ ২

وَوُضِعَ اَلْكِتَابُ فَتَرَى اَلْمُجْرِمِينَ مُشْفِقِينَ مِمَّا فِيهِ وَيَقُولُونَ يَٰوَيْلَتَنَا مَا لِهَٰذَا اَلْكِتَابِ لاَ يُغَادِرُ صَغِيرَةً وَلاَ كَبِيرَةً إِلاَّ أَحْصَاهَا وَوَجَدُواْ مَا عَمِلُواْ حَاضِراً وَلاَ يَظْلِمُ رَبُّكَ أَحَداً ﴿٤٩﴾

এবং উপস্থিত করা হইবে আমলনামা এবং উহাতে যাহা লিপিবদ্ধ আছে তাহার কারণে তুমি অপরাধীদেরকে দেখিবে আতংকগ্রস্তএবং উহারা বলিবে, ‘হায়, দুর্ভাগ্য আমাদের! ইহা কেমন গ্রন্থ! উহা তো ছোট-বড় কিছুই বাদ দেয় না; বরং উহা সমস্তহিসাব রাখিয়াছে।' উহারা উহাদের কৃতকর্ম সম্মুখে উপস্থিত পাইবে ; তোমার প্রতিপালক কাহারও প্রতি জুলুম করেন না। আল কাহফ ১৮ঃ ৪৯

فَاَخْتَلَفَ اَلأَحْزَابُ مِن بَيْنِهِمْ فَوَيْلٌ لِّلَّذِينَ كَفَرُواْ مِن مَّشْهَدِ يَوْمٍ عَظِيمٍ ﴿٣٧﴾

অতঃপর দলগুলি নিজেদের মধ্যে মতানৈক্য সৃষ্টি করিল, সুতরাং দুর্ভোগ কাফিরদের জন্য মহাদিবস আগমনকালে । মারইয়াম ১৯ঃ ৩৭

قَالَ لَهُمْ مُّوسَىٰ وَيْلَكُمْ لاَ تَفْتَرُواْ عَلَى اَللهِ كَذِباً فَيُسْحِتَكُم بِعَذَابٍ وَقَدْ خَابَ مَنِ اَفْتَرَىٰ ﴿٦١﴾

মূসা উহাদেরকে বলিল, ‘দুর্ভোগ তোমাদের! তোমরা আলাহ্‌র প্রতি মিথ্যা আরোপ করিও না । করিলে, তিনি তোমাদেরকে শাস্তিদ্বারা সমূলে ধ্বংস করিবেন । যে মিথ্যা উদ্ভাবন করিয়াছে সে-ই ব্যর্থ হইয়াছে ।' তাহা ২০ঃ ৬১

قَالُواْ يٰوَيْلَنَآ إِنَّا كُنَّا ظَالِمِينَ ﴿١٤﴾

উহারা বলিল, ‘হায়, দুর্ভোগ আমাদের ! আমরা তো ছিলাম জালিম ।' আল আম্বিয়া ২১ঃ ১৪

بَلْ نَقْذِفُ بِاَلْحَقِّ عَلَى اَلْبَاطِلِ فَيَدْمَغُهُ فَإِذَا هُوَ زَاهِقٌ وَلَكُمُ اَلْوَيْلُ مِمَّا تَصِفُونَ ﴿١٨﴾

কিন্তু আমি সত্য দ্বারা আঘাত হানি মিথ্যার উপর ; ফলে উহা মিথ্যাকে চূর্ণ-বিচূর্ণ করিয়া দেয় এবং তৎক্ষণাৎ মিথ্যা নিশ্চিহ্ন হইয়া যায় । দুর্ভোগ তোমাদের! তোমরা যাহা বলিতেছ তাহার জন্য । আল আম্বিয়া ২১ঃ ১৪

وَلَئِن مَّسَّتْهُمْ نَفْحَةٌ مِّنْ عَذَابِ رَبِّكَ لَيَقُولُنَّ يٰوَيْلَنَآ إِنَّا كُنَّا ظَالِمِينَ ﴿٤٦﴾

তোমার প্রতিপালকের শাস্তির কিছুমাত্রও উহাদেরকে স্পর্শ করিলে উহারা নিশ্চয়ই বলিয়া উঠিবে, ‘হায়, দুর্ভোগ আমাদের, আমরা তো ছিলাম জালিম !' আল আম্বিয়া ২১ঃ ৪৬

وَاَقْتَرَبَ اَلْوَعْدُ اَلْحَقُّ فَإِذَا هِىَ شَاخِصَةٌ أَبْصَارُ اَلَّذِينَ كَفَرُواْ يَٰوَيْلَنَا قَدْ كُنَّا فِى غَفْلَةٍ مِّنْ هَٰذَا بَلْ كُنَّا ظَالِمِينَ ﴿٩٧﴾

অমোঘ প্রতিশ্রুত কাল আসন্ন হইলে অকস্মাৎ কাফিরদের চক্ষু স্থির হইয়া যাইবে, উহারা বলিবে, 'হায়, দুর্ভোগ আমাদের! আমরা তো ছিলাম এ বিষয়ে উদাসীন; না, আমরা সীমালংঘনকারীই ছিলাম ।' আল আম্বিয়া ২১ঃ ৯৭

يَٰوَيْلَتَا لَيْتَنِى لَمْ أَتَّخِذْ فُلاَناً خَلِيلاً ﴿٢٨﴾

হায়! দুর্ভাগ্য আমার, আমি যদি অমুক কে বন্ধু হিসাবে গ্রহন না করিতাম । - আল ফুরকান ২৫ঃ ২৮

وَقَالَ اَلَّذِينَ أُوتُواْ اَلْعِلْمَ وَيْلَكُمْ ثَوَابُ اَللهِ خَيْرٌ لِّمَنْ آمَنَ وَعَمِلَ صَالِحاً وَلاَ يُلَقَّاهَآ إِلاَّ اَلصَّابِرُونَ ﴿٨٠﴾

এবং যাহাদেরকে জ্ঞান দেওয়া হইয়াছিল তাহারা বলিল, 'ধিক তোমাদেরকে! যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহাদের জন্য আলাহ্‌র পুরস্কারই শ্রেষ্ঠ এবং ধৈর্যশীল ব্যতীত ইহা কেহ পাইবে না ।' আল কাসাস ২৮ঃ ৮০

قَالُواْ يَٰوَيْلَنَا مَن بَعَثَنَا مِن مَّرْقَدِنَا هَذَا مَا وَعَدَ اَلرَّحْمَٰنُ وَصَدَقَ اَلْمُرْسَلُونَ ﴿٥٢﴾

উহারা বলিবে, 'হায় ! দুর্ভোগ আমাদের ! কে আমাদেরকে আমাদের নিদ্রাস্থল হইতে উঠাইল দয়াময় আলাহ্ তো ইহারই প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং রসূলগণ সত্যই বলিয়াছিলেন' । ইয়াসিন ৩৬ঃ ৫২

وَقَالُواْ يَٰوَيۡلَنَا هَٰذَا يَوۡمُ ٱلدِّينِ ﴿٢٠﴾

এবং উহারা বলিবে, ‘দুর্ভোগ আমাদের! ইহাই তো কর্মফল দিবস ।' আস ছাফফাত ৩৭ঃ ২০

وَمَا خَلَقۡنَا ٱلسَّمَآءَ وَٱلۡأَرۡضَ وَمَا بَيۡنَهُمَا بَٰطِلٗاۚ ذَٰلِكَ ظَنُّ ٱلَّذِينَ كَفَرُواْۚ فَوَيۡلٞ لِّلَّذِينَ كَفَرُواْ مِنَ ٱلنَّارِ ﴿٢٧﴾

আমি আকাশ, পৃথিবী এবং এতদুভয়ের মধ্যবর্তী কোন কিছুই অনর্থক সৃষ্টি করি নাই । অনর্থক সৃষ্টি করার ধারণা উহাদের যাহারা কাফির, সুতরাং কাফিরদের জন্য রহিয়াছে জাহান্নামের দুর্ভোগ । সা'দ ৩৮ঃ ২৭

أَفَمَن شَرَحَ ٱللَّهُ صَدۡرَهُۥ لِلۡإِسۡلَٰمِ فَهُوَ عَلَىٰ نُورٖ مِّن رَّبِّهِۦۚ فَوَيۡلٞ لِّلۡقَٰسِيَةِ قُلُوبُهُم مِّن ذِكۡرِ ٱللَّهِۚ أُوْلَٰٓئِكَ فِي ضَلَٰلٖ مُّبِينٍ ﴿٢٢﴾

আলাহ্ ইসলামের জন্য যাহার বক্ষ উন্মুক্ত করিয়া দিয়াছেন এবং যে তাহার প্রতিপালক প্রদত্ত আলোতে রহিয়াছে, সে কি তাহার সমান যে এরূপ নয় ? দুর্ভোগ সেই কঠোরহৃদয় ব্যক্তিদের জন্য যাহারা আলাহ্র স্মরণে বিমুখ উহারা স্পষ্ট বিভ্রান্তিতে আছে । আয যুমার ৩৯ঃ ২২

قُلۡ إِنَّمَآ أَنَا۠ بَشَرٞ مِّثۡلُكُمۡ يُوحَىٰٓ إِلَيَّ أَنَّمَآ إِلَٰهُكُمۡ إِلَٰهٞ وَٰحِدٞ فَٱسۡتَقِيمُوٓاْ إِلَيۡهِ وَٱسۡتَغۡفِرُوهُۗ وَوَيۡلٞ لِّلۡمُشۡرِكِينَ ﴿٦﴾

বল, ‘আমি তো তোমাদের মত একজন মানুষই, আমার প্রতি ওহী হয় যে, তোমাদের ইলাহ্ একমাত্র ইলাহ্ । অতএব তোমরা তাঁহারই পথ দৃঢ়ভাবে অবলম্বন কর এবং তাঁহারই নিকট ক্ষমা প্রার্থনা কর । দুর্ভোগ অংশীবাদীদের জন্য- ফুসসিলাত ৪১ঃ ৬

فَاَخْتَلَفَ اَلأَحْزَابُ مِن بَيْنِهِمْ فَوَيْلٌ لِّلَّذِينَ ظَلَمُواْ مِنْ عَذَابِ يَوْمٍ أَلِيمٍ ﴿٦٥﴾

অতঃপর উহাদের বিভিন্ন দল মতানৈক্য সৃষ্টি করিল, সুতরাং জালিমদের জন্য দুর্ভোগ মর্মন্তুদ দিবসের শাস্তির। আয যুখরুফ ৪৩ঃ ৬৫

وَيْلٌ لِّكُلِّ أَفَّاكٍ أَثِيمٍ ﴿٧﴾

দুর্ভোগ প্রত্যেক ঘোর মিথ্যাবাদী পাপীর, আল জাসিয়াহ ৪৫ঃ ৭

وَاَلَّذِى قَالَ لِوَالِدَيْهِ أُفٍّ لَّكُمَآ أَتَعِدَانِنِيٓ أَنْ أُخْرَجَ وَقَدْ خَلَتِ اَلْقُرُونُ مِن قَبْلِى وَهُمَا يَسْتَغِيثَانِ اَللَّهَ وَيْلَكَ آمِنْ إِنَّ وَعْدَ اَللَّهِ حَقٌّ فَيَقُولُ مَا هَٰذَآ إِلاَّ أَسَاطِيرُ اَلأَوَّلِينَ ﴿١٧﴾

আর এমন লোক আছে, যে তাহার মাতা-পিতাকে বলে, 'আফসোস তোমাদের জন্য ! তোমরা কি আমাকে এই ভয় দেখাইতে চাও যে, আমি পুনরুত্থিত হইব যদিও আমার পূর্বে বহু পুরুষ গত হইয়াছে ?' তখন তাহার মাতা-পিতা আলাহ্‌র নিকট ফরিয়াদ করিয়া বলে, 'দুর্ভোগ তোমার জন্য! তুমি বিশ্বাস স্থাপন কর, আলাহ্‌র প্রতিশ্রুতি অবশ্যই সত্য।' কিন্তু সে বলে, 'ইহা তো অতীত কালের উপকথা ব্যতীত কিছুই নয়।' আল আহকাফ ৪৬ঃ ১৭

فَوَيْلٌ لِّلَّذِينَ كَفَرُواْ مِن يَوْمِهِمُ اَلَّذِى يُوعَدُونَ ﴿٦٠﴾

কাফিরদের জন্য দুর্ভোগ তাহাদের সেই দিনের, যেই দিনের বিষয়ে উহাদেরকে সতর্ক করা হইয়াছে। আদ জারিয়াত ৫১ঃ ৬০

فَوَيْلٌ يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ ﴿١١﴾

দুর্ভোগ সেই দিন সত্য অস্বীকারকারীদের, আত তুর ৫২ঃ ১১

قَالُواْ يَٰوَيْلَنَا إِنَّا كُنَّا طَاغِينَ ﴿٣١﴾

উহারা বলিল, ‘হায়, দুর্ভোগ আমাদের ! আমরা তো ছিলাম সীমালংঘনকারী । আল কালাম ৬৮ঃ ৩১

وَيْلٌ يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ ﴿١٥﴾

সেই দিন দুর্ভোগ অস্বীকারকারীদের জন্য । আল মুরসালাত ৭৭ঃ ১৫, ১৯, ২৪, ২৮, ৩৪, ৩৭, ৪০, ৪৫, ৪৭, ৪৯

وَيْلٌ لِّلْمُطَفِّفِينَ ﴿١﴾

দুর্ভোগ তাহাদের জন্য যাহারা মাপে কম দেয়, আল মুতাফফিফিন ৮৩ঃ ১

وَيْلٌ يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ ﴿١٠﴾

সেই দিন দুর্ভোগ হইবে অস্বীকারকারীদের, আল মুতাফফিফিন ৮৩ঃ ১০

وَيْلٌ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَةٍ ﴿١﴾

দুর্ভোগ প্রত্যেকের, যে পশ্চাতে ও সম্মুখে লোকের নিন্দা করে, আল হুমাযাহ ১০৪ঃ ১

فَوَيْلٌ لِّلْمُصَلِّينَ ﴿٤﴾

ٱلَّذِينَ هُمْ عَن صَلَاتِهِمْ سَاهُونَ ﴿٥﴾

সুতরাং দুর্ভোগ সেই সালাত আদায়কারীদের, আল-মাউন ১০৭ঃ ৪

যারা গাফলতি করে তাদের সালাত। আল-মাউন ১০৭ঃ ৫

أَوْلَىٰ لَكَ فَأَوْلَىٰ ﴿٣٤﴾

দুর্ভোগ তোমার জন্য, দুর্ভোগ! আল কিয়ামাহ ৭৫ঃ ৩৪

ثُمَّ أَوْلَىٰ لَكَ فَأَوْلَىٰ﴿٣٥﴾

আবার দুর্ভোগ তোমার জন্য, দুর্ভোগ! আল কিয়ামাহ ৭৫ঃ ৩৫

**সমাপ্ত**